যুগান্তর

তারিখ 18 FEB 2010
পৃষ্ঠা ৩ কলাম ৭

# ছাত্রদের জন্য ১০০ টাকায় ব্যাংক অ্যাকাউন্ট

যুগান্তর ডেস্ক

মাত্র ১০ টাকায় কৃষকদের ব্যাংক অ্যাকাউন্ট খোলার সুযোগদানের পর এবার ছাত্রদের জন্য ১০০ টাকায় ব্যাংকে অ্যাকাউন্ট খোলার সুযোগ দেয়া হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট এক কর্মকর্তা এ তথ্য জানিয়ে বলেছেন, শিগগিরই বাংলাদেশ ব্যাংক এ ব্যাপারে এক ঘোষণা জারি করবে তিনি বলেন, বাংলাদেশ ব্যাংক এনিয়ে বিভিন্ন ব্যাংকের সঙ্গে আলোচনা করেছে। যাতে যত সহজ ব্যাপকভাবে হিসাব খোলার সুযোগ সৃষ্টি করার কথা বলা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা জানান, বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকে মাত্র ১০০ টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খোলার জন্য ছাত্রদের সুযোগ দেয়া হবে। এ হিসাব রক্ষায় ন্যূনতম টাকা ব্যাংকে জমা রাখার কোন বাধ্যবাধকতা থাকবে না। দিতে হবে না কোন বাড়তি চার্জ। তবে এ হিসাবের বিপরীতে কোন প্রকার ঋণ গ্রহণের সুযোগ থাকবে না। নিজ নামে অন্যান্য ব্যাংক চেক ইস্যু করা যাবে না বলে ব্যাংক কর্মকর্তা জানান। বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা হিসাব খোলার নিয়ম-কানুন সম্পর্কে বলেন, যাদের বয়স ১৮ হয়েছে তারা অভিভাবকদের লিখিত অনুমতি নিয়ে স্কুল-কলেজ কর্তৃপক্ষের দেয়া আইডির ফটোকপি ব্যাংকে জমা দিতে হবে। কেন্দ্রীয় ব্যাংকের এ হিসাব খোলার সুবিধাদি নিয়ে ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে বলেন, বিশ্বের বিভিন্ন দেশে ছাত্ররা অনলাইনে ব্যাংকিং সুবিধা পায়। যার মাধ্যমে ছাত্ররা নিজেদের বেতন ও ফিগুলো ব্যাংকে জমা দেয়। প্রয়োজনীয় ও ব্যবহার্য উপকরণ ক্রয় করে। এমনকি একটি নির্দিষ্ট অংকের তহবিল তারা উত্তোলন করতে পারে। বাসস।